# হুমায়ুন কবির সংবিধান মেনেই শপথ নিয়েছেন: আইনমন্ত্রী


আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির সংবিধান মেনেই শপথ নিয়েছেন বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। শপথ গ্রহণের ক্ষেত্রে আইনের কোনো ব্যত্যয় ঘটেনি বলেও জানান তিনি।

মঙ্গলবার (২৫ আগস্ট) দুপুরে সচিবালয়ে শিশু ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সুরক্ষায় আইনগত সহায়তা ও সামাজিক সুরক্ষা বিষয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এসব কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর দেশে গুম, ক্রসফায়ার ও রাজনৈতিক হয়রানির ঘটনা বন্ধ হয়েছে। গত ছয় মাসে পুলিশ বাদী হয়ে কোনো রাজনৈতিক হয়রানিমূলক মামলা করেনি বলেও জানান তিনি।

LENS ASIA

এদিকে, বাগেরহাটের মোংলার জয়মনি এলাকা থেকে গত ১০ এপ্রিল মিরাজ শেখকে কোস্ট গার্ড কর্তৃক গুমের অভিযোগের বিষয়টি স্বাধীনভাবে তদন্ত করা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।